বন্ধন

শারদীয় সংকলন ২০২৪

সংখ্যা ১৪



Bangali Society for Puja and Culture (BSPC) Inc.

TAX Returns
Company Audits
GST/BAS Preparation

building wealth for you

CPA
ABS is a CPA Practice

Special deal 4 new clients

Call for a quote
08 9470 3560

Morshed Hasan CPA

ATLAS BUSINESS SOLUTIONS
Auditors & Accountants Australia

461 Albany Hwy, Victoria Park, WA- 6100.
PO BOX 26, PARKWOOD, WA 6147
Tel: 08 9470 3560 (W), Mob: 0474 154 695
E-mail: h.morshedul@atlasbusiness.com.au
www.atlasbusiness.com.au

- We are offering you first consultation free, 10% discount for new clients, best quality services*
- We are providing you personalised services.
- Once you become our client you will get free consultation for future*.
- We are providing advices to grow your business as well as your wealth.

*Conditions apply

Our Services:

Tax Returns for
> Company, Trust, Partnership, Personal
> Self managed superfund
> Rental Property tax

GST/BAS Preparation
> Bookkeeping/Payroll
> Formation of Trust/Company/SMSF
> Tax advice/Tax strategy to minimise tax liabilities
> Business consultation/advice
> Superannuation strategy to save tax

Auditing & Assurance
> External & internal audits
> Public company and other company audits
> Not for profit organisation audits
> Charities and incorporated association audits
> Real estate & settlement agent trust account audit
> Motor vehicle dealers trust account audits
> Strata title and outgoings audits
> Franchise audits
> Schools and Universities accounts/funds audit
> Self managed superfund audit

- Find a suitable business structure that suite you
- Investment property consultation
- Business Tax Planning
- Financial Accounting and reporting
- Fringe Benefit Tax (FBT) calculation
- Our experienced team members are highly dedicated for client and having more than 10 years work experience in accounting industry.

We use advanced tools & techniques to minimise tax liabilities

Special Offers
for New Clients

Paul Tax & Accounting Services

Individual Tax Return from ***$50***

> Rental Property Tax Return

> Company, Partnership, Trust and SMSF Tax Return

> Company, Trust and SMSF set up

> Tax Planning > Small Business Setup

> GST Return > Bookkeeping Services

Contact: 0433003415

Biplab Paul
Paul Tax and Accounting Services
Registered Tax Agent and Public Accountant
Masters of Accounting (Central Queensland University)
M.Com (DU) B.Com (Hons) DU
Email: paul_biplab7@yahoo.com.au

Express yourself with...

Ananyna's
COLLECTION

- Sarees
- Salwar Suits
- Kurtis
- Palazzos
- Men's Panjabi
- Jewelrry
- Leather Bags

View only by Appointment.

CONTACT - Anu 0413161491

LOCATION - 9/88 Broadway
Nedlands 6009

বন্ধন

BANDHAN

সংকলন ২০২৪

সংখ্যা - ১৪

আশ্বিন ১৪৩১

Magazine October 2024
Issue 14

বন্ধন সম্পাদনা পরিষদ

তন্ময় দেবনাথ

সৌমিত্র শীল

যিশু সেন

পান্না বড়ুয়া

Bandhan Editorial Committee
Editor: Tanmoy Debnath
Proof reading: Saumitra Seal
Page makeup: Jishu Sen
Content collection: Panna Barua

Cover
Artwork: Sohini Barua Rongin

অলঙ্করন

যিশু সেন

Bandhan Template
Biswojit Bose

Photograph collation
Aspari Chanda

Publisher:
Bangali Society for Puja and Culture (BSPC) Inc.

The editor or publisher is not responsible for the opinions of the author.

সম্পাদকীয়

শারোদীয় দুর্গাপূজা ১৪৩১

শুভকামনা ও মঙ্গল প্রার্থনা

দুর্গাপূজা মানেই বাঙালির মনে এক অন্যরকম উত্তেজনা। কিন্তু এবারের পূজায় সেই চিরচেনা আনন্দের রঙে মিশে আছে একধরনের বিষাদের ছায়া। মানবতা, ধর্মবিশ্বাস, এবং সহনশীলতার উপর প্রতিদিন যেভাবে আঘাত আসছে, তা আমাদের সকলকেই গভীরভাবে আঘাত করেছে। এই আঘাত শুধু ব্যক্তিগত ক্ষতিরই নয়, গোটা সভ্য সমাজকে নাড়িয়ে দিয়েছে।

প্রতিবছরের মতো এবারও মা দুর্গার আগমন আমাদের মনে করিয়ে দেয় শুভ শক্তির জয় অবধারিত। আর বর্তমানের বাস্তবতায়, যখন মানবতা হুমকির মুখে, তখন মায়ের এই বার্তা যেন আগের চেয়ে আরও বেশি প্রাসঙ্গিক। মা দুর্গার অসুরবধ প্রতীকীভাবে আমাদের শেখায় যে, জীবনের সমস্ত অন্ধকার এবং কুসংস্কারের বিরুদ্ধে লড়াই করতে হবে। আমাদের সমাজে একটি ধর্মান্ধ শ্রেণি যখন ধর্ম, জাতি এবং পরিচয়ের ভিত্তিতে বিভাজন সৃষ্টির চেষ্টা করছে, তখন আমরা মা দুর্গার কাছে প্রার্থনা করি— যেন তিনি আমাদের অন্তরে শান্তি, ঐক্য, এবং সম্প্রীতির আলো জ্বালিয়ে দেন।।

দুর্গাপূজা শুধু ধর্মীয় অনুষ্ঠান নয়, এটি আমাদের সংস্কৃতি, ঐতিহ্য, এবং একতার প্রতীক। সমন্বয় এবং সম্প্রীতির মধ্যেই জীবনের আসল সৌন্দর্য নিহিত। তবে এই ঐক্য তখনই সত্যিকার অর্থে মূল্যবান, যখন তা আত্মসম্মান রক্ষা করে এবং অন্যায়ের বিরুদ্ধে দৃঢ়ভাবে অবস্থান নেয়।

এই পূজায় আসুন আমরা দৃঢ় সংকল্প করি— মানবতার সেবায় নিজেদের সম্পূর্ণভাবে নিবেদন করব। প্রতিবাদ করব, অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়াব। সমাজের প্রতিটি অসংগতি, বৈষম্য, এবং অন্যায়ের বিরুদ্ধে আমরা এক হয়ে সোচ্চার হব। কারণ, আমাদের প্রকৃত শক্তি নিহিত রয়েছে ঐক্যে, যা অন্যায়ের বিরুদ্ধে আমাদের সর্বশক্তি দিয়ে এক হয়ে দাঁড়াতে শেখায়।

এবারের পূজায় মা দুর্গার আশীর্বাদে আমাদের জীবনে নতুন আশার আলো ফুটে উঠুক। আমরা যেন এই পূজার উপলক্ষে প্রতিজ্ঞা করি, জীবনের প্রতিটি মুহূর্তে— সুসময় হোক বা দুঃসময়— আমরা একে অপরের পাশে দাঁড়াব। ব্যক্তিগত সাফল্য নয়, সম্মিলিত বিজয়েই নিহিত থাকবে আমাদের প্রকৃত অর্জন। যারা অন্যায় করে, তারা যেন বুঝতে পারে, ধর্ম বা পরিচয়ের ভিত্তিতে বিভাজন সৃষ্টি করলেই আমরা দুর্বল হব না। বরং, সমস্ত ধর্ম এবং সম্প্রদায় এক হয়ে অন্যায়ের বিরুদ্ধে লড়াই করব।

আসুন, এবারের পূজায় মা দুর্গার আশীর্বাদ নিয়ে আমরা একসাথে সমস্ত বাধা অতিক্রম করে সামনে এগিয়ে যাই। শুভ দুর্গাপূজা!

শুভেচ্ছান্তে,

তন্ময় দেবনাথ

Executive Committee 2024

President: Anu sharma

Vice Presicent: Saumitra Seal

General Secretary: Aspari Chanda

Assistant General Secretary: Sajib Saha

Treasurer: Jhutan Kuri

Cultural Secretary: Partha Sarathi Deb

Assistant Cultural Secretar: Sangyukta Sarker (Shreya)

Publication Secretary: Tanmoy Debnath

Religious Secretary: Prama Mazumder

Community Engagement Secretary: Monobrata Saha

Communication & IT Security: Sajib Mistry

Member 1: Uttam Debnath

Member 2: Sujoy Barua

Member 3: Niladri Shekhar Talukder Noble

Member 4: Minakshi Roy Shikari

Ex-Officio: Prabir Sarker

Ex-Officio: Sharmistha Saha

President's Message

My journey began with a simple realisation: the world is full of challenges that no individual can solve alone.

With great humility and gratitude, I step into the role of president of the BSPCI organisation, a community that has been my home for many years. My journey began as a general member, and today, I am honored to serve in this new capacity. Our community's roots run deep founded in 2005 by a few families who, after arriving in Perth in 2002, believed in the strength of unity and togetherness.

First and foremost, I want to express my deep gratitude for the strong sense of community we've built. In times of challenge, the way our community comes together is truly inspiring. Your willingness to help one another, participate in community events, and contribute to our shared spaces makes this beautiful city of Perth, our home, a wonderful place to live.

I would also like to extend my heartfelt thanks to our previous president and the Executive Committee members for their dedication to maintaining the values and reputation of BSPCI.

This was made possible by our volunteers' efforts and your generosity. Let's stay united, work together, and grow, as unity is our greatest strength.

Our main plan will be to ensure that all members maintain the amazing culture and spirit that has blessed this community.

In conclusion, I deeply value the unity and commitment each of you brings to BSPCI. With your support, we will not only preserve our cherished traditions but also elevate BSPCI to new heights in the years ahead.

Thank you all for entrusting me with this responsibility. I look forward to serving as your president and to working together to keep our community strong and united.

My best wishes to BSPCI for great success in the future.

With greetings of the season,

Anu Sharma

General Secretary's Message

It is with immense pride and joy that I extend my warmest wishes for the publication of "Bandhan", the annual magazine of the "Bengali Society for Puja and Culture (BSPC) Inc." in Western Australia, traditionally published during Durga Puja. As a community-based, non-political, and non-profit organization, BSPC has consistently promoted the rich cultural heritage and artistic traditions of the Bengali community while embracing and celebrating Australia's diverse cultural fabric.

Each year, Bandhan serves as a platform for honoring the creativity, resilience, and deep connection to our cultural roots. More than just a publication, Bandhan stands as a symbol of our shared identity, unity, and the enduring spirit of our heritage. I am confident that this year's edition will continue to inspire, educate, and strengthen the bonds within our community, while also acting as a bridge to the broader Australian society.

I wish "Bandhan" every success and look forward to its continued role in showcasing the talents and achievements of our vibrant community. Let us take pride in this rich tradition and continue working together to ensure that our cultural legacy thrives for generations to come.

With greetings of the season,

Aspari Chanda

বঙ্কিমের ছাত্রজীবন

বিশ্বজিৎ বসু

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, বাংলা সাহিত্যের সম্রাট, যাঁর আরেক পরিচয় ঋষি বঙ্কিম। তাঁর হাত ধরে বাংলা গদ্য সাহিত্য পরিপূর্ণ রূপ পেয়েছে। সাহিত্যের সবগুলো শাখায় তার ছিল অবাধ বিচরণ, লিখেছেন একাধিক মানুষের জীবনী গ্রন্থ। কিন্তু অন্যের জীবনী লিখলেও তিনি তাঁর নিজের জীবনী লিখে যাননি। এমন কি তাঁর বাল্য বা কৈশোর কেমন ছিল তাও তিনি কোন লেখাতে উল্লেখ করেননি। কিন্তু তাঁর কোন জীবনী লেখা হবেনা এটা ছিল তখনকার সুধী সমাজে অকল্পনীয়। সুধীজনেরা চেষ্টা করেছেন তার একটা জীবনী গ্রন্থ দাঁড় করাতে। বঙ্কিমচন্দ্রকে তাঁর জীবনী রচনা করার প্রয়োজনীয়তার কথা বললে তিনি শ্রীশচন্দ্র মজুমদারকে বলেছিলেন " আমার জীবন অসার, তাহা লিখিয়া কি হইবে। আমার জীবনের কথা মাঝে মাঝে গল্প বলিয়া তোমায় শুনাইব, সকল কথা বলা সহজ নহে। জীবনে অনেক ভ্রম প্রমাদ আছে, তা বলা বড়ই কঠিন। কাজেই জীবনী হইলো না। সে সব বলিতে পারিলে অনেক কাজ হয়। আমার জীবন অনেক সংগ্রামী জীবন। একজনের প্রভাব আমার জীবনে বড় বেশি রকমের-আমার পরিবারের। আমার জীবনী লিখিতে হইলে তাহাকেও লিখিতে হইবে"। মৃত্যুর দুদিন পুর্বে তিনি বলেন আমার নাতিদের মধ্যে কেউ যেন আমার জীবনী লিখে এবং মৃত্যুর বার বছর পর যেন সেটা লেখা হয়। কিন্তু তাঁর নাতিদের লেখা কোন বঙ্কিম জীবনী পাওয়া যায় না। বঙ্কিমচন্দ্রের জীবনী লেখার প্রথম উদ্যেগ গ্রহণ করেন তাঁর ভাইপো শচীশচন্দ্র চট্টোপ্যাধ্যায়।

বঙ্কিমচন্দ্রের জন্ম বাংলা ১২৪৫ সনের ১৩ই আষাঢ়। ইংরেজি ১৮৩৮ সালের ২৭শে জুন ভারতের ২৪ পরগনা জেলার বারাসাত মহাকুমার কাঁটাল পাড়া গ্রামে। তাঁর মায়ের নাম দুর্গাসুন্দরী দেবী এবং বাবা যাদব চন্দ্র চট্টোপাধ্যায়। বঙ্কিমচন্দ্রের পূর্ব পুরুষদের বাস ছিল হুগলি জেলায়। এদের পূর্ব পুরুষ রামজীবন চট্টোপাধ্যায় কাঁঠাল পাড়া গ্রামের রঘুবীর ঘোষাল নামে এক বিত্তশালীর কন্যা বিয়ে করে এখানে বসবাস শুরু করেন। কলিকাতা বিজয়ী হয়ে ফিরে যাবার পথে সিরাজউদ্দৌলা কাঁটাল পাড়ার বিখ্যাত অর্জুনা দীঘির পারে যাত্রা বিরতি করে। রঘুবীর ঘোষাল ছিল তখন এ দীঘির মালিক। রঘুবীর ঘোষাল এসময়ে সিরাজদ্দৌলা কে প্রয়োজনীয় রসদ সরবরাহ করে ইতিহাসের পাতায় নিজের নামটি লিখিয়েছিলেন।

বঙ্কিমচন্দ্রের বাবা যাদব চন্দ্রের কর্মজীবন শুরু হয় নিমকির দারোগাগীরির মধ্যে দিয়ে। লোকে সমুদ্রের জলে কতটুকু লবন তৈরি করছে, কর দিচ্ছে কিনা, আইন শৃঙ্খলা বজায় থাকছে কিনা, সেসব দেখাই ছিল নিমকির দারোগার কাজ। তিনি তার কর্মজীবন শেষ করেন ডেপুটি কালেক্টর হিসেবে। যাদব চন্দ্রের চার সন্তানের মধ্যে বঙ্কিম চন্দ্র ছিলেন তৃতীয়। পাঁচ বছর বয়সে বঙ্কিম চন্দ্রের হাতে খড়ি হয় কুল পুরোহিত বিশ্বম্ভর ভট্টাচার্য হাতে। এরপর সে ভর্তি হয় রমাপ্রাণ সরকারের পাঠশালায়। পাঠশালাটি যাদবচন্দ্র চট্টোপাধ্যায় নিজ জমিতে তৈরি করে দিয়েছিলেন। পাঠশালায় ভর্তি হবার পর বঙ্কিমের প্রতিভা প্রকাশ পেতে থাকে। সে খুব দ্রুত অক্ষরজ্ঞান অর্জন করে ফেলে। জনশ্রুতি আছে যে বর্ণ শিখতে বালকদের পনের দিন বা এক মাস লাগত, বঙ্কিম চন্দ্রের সে বর্ণ একদিনেই শেষ করতো। তখন শিশুদের পাঠ্য বইয়ের নাম ছিল শিশু বোধক। শিশু বোধকে "অলস" "অবশ" জাতীয় শব্দ শিখতে তার একদন্ড সময় লাগত। তার বাল্যবন্ধুদের কাছ থেকে জানা যায়, অলস, অবশ শব্দ শিখে বঙ্কিম গুরুমশাইকে বলেছিলেন, "অলস অবস শিখলে যশম, পশম পড়া হইল, পাতা উল্টাইয়া মান।" গুরু মশাই গীত, কীট আরম্ভ করলে বঙ্কিম এ ধরণের শব্দ গুলো শিখে গুরু মশাইকে নতুন কিছু শেখাতে অনুরোধ করেন। বঙ্কিমচন্দ্রের এমন প্রতিভা দেখে গুরুমশাই একদিন বঙ্কিমচন্দ্রকে বলেছিলেন,"বাবা বঙ্কিম এমন ভাবে পড়িয়া গেলে আর কতদিন তোমায় পড়াইব"।

অন্য সকল শিশুদের মত বঙ্কিমচন্দ্র রূপকথার গল্প শুনতে ভালবাসতেন। বয়স্কদের কাছে বসে একাগ্র মনে ব্যঙ্গমা ব্যঙ্গমির গল্প শুনতেন। মাত্র আট মাস বঙ্কিমচন্দ্র বাড়ির পাঠশালায় পড়তে পেয়েছিলেন। এরপর তিনি মেদিনীপুরে গিয়ে ইংরেজি স্কুলে ভর্তি হন। তাঁর বাবা যাদবচন্দ্র তখন মেদিনীপুরের ডেপুটি কালেক্টর। একদিন এক খোট্টা বানর নিয়ে ঢুগঢুগী বাজিয়ে স্কুলের সামনে

দিয়ে যাচ্ছিল। বালক বঙ্কিম অন্যদের সাথে বানরের পিছে পিছে হাঁটা শুরু করে আর বলতে থাকে "এই বাঁদরটাকে এনে আমাদের ক্লাসে ভর্তি করে দিলে হয়। দেখি ইংরেজি শিখতে পারে কিনা।" বাঁদর খেলা দেখে বঙ্কিম যখন ক্লাসে ফিরে আসে শ্রেণী শিক্ষক তাকে যতারীতি তিরস্কার করে। বঙ্কিম বুদ্ধিদীপ্ত চোখে শিক্ষকের দিকে কিছুক্ষণ তাকিয়ে থাকে, তার পর বই পড়া শুরু করে। সাত দিনের পাঠ এক ঘন্টায় আয়ত্ত করে শিক্ষকের নিকট উপস্থাপন করে।

ব্যায়াম বা খেলাধুলার প্রতি ছিল বঙ্কিমচন্দ্রের চরম অনীহা, তাস খেলা ছিল তার একমাত্র প্রিয়। তবে সে ছিল অত্যন্ত সাহসী এবং অল্প বয়স থেকেই বুদ্ধিদীপ্ত সিদ্ধান্ত নেবার ক্ষমতা তৈরি হয়ে যায় তার। কিছুদিন পর তার বাবা বদলী হয়ে যান চব্বিশ পরগনা । বঙ্কিম ফিরে আসে কাঁটাল পাড়ায় এবং ভর্তি হয় হুগলি কলেজের স্কুল শাখায় । তখনো কলেজে এন্ট্রান্স, এফ এ (ফার্স্ট আর্টস্) বিএ পড়াশোনা চালু হয় নাই। তখন জুনিয়র এবং সিনিয়র স্কলারশিপ পরীক্ষা চালু ছিল। উল্লেখ্য ১৮৩৬ সালে হাজী মুহম্মদ মুহসীন হুগলী কলেজে প্রতিষ্ঠা করেন। বঙ্কিম কাঁটাল পাড়ার বাড়ি থেকে হুগলী কলেজে যাতায়াত করতেন।

হুগলি কলেজে ভর্তির পূর্বে বঙ্কিমচন্দ্র কিছুদিন বাড়িতেই প্রাইভেট টিউটরের কাছে বিদ্যা শিক্ষা করতেন। মাঝে মাঝে গ্রাম্য পাঠশালায় যেতেন। তবে ছাত্র হিসাবে নয়। ছাত্ররা পড়াশোনা ঠিকমত করছে কিনা সেটা পরীক্ষা করতে। এই সময়ে বাড়ির মহিলাদের তিনি রামায়ণ, মহাভারত, চন্ডি, মনসার ভাসান পড়ে শোনাতেন।

বঙ্কিমচন্দ্র কোন শৃঙ্খলের মধ্যে আবদ্ধ থাকতে পছন্দ করতেন না। কোথাও বেশিক্ষণ স্থীর থাকতে পারতেন না। পাঠ্য বইয়ের চেয়ে বাইরের বইয়ের প্রতি আগ্রহ ছিলো বেশি। পরীক্ষার আগে পাঠ্য বই নিয়ে বসতেন। কিন্তু ক্লাসে সব সময়ই প্রথম হতেন। হুগলী কলেজে তিনি জুনিয়র স্কলারশিপ পরীক্ষায় কৃতকার্য হয়ে মাসিক আট টাকা স্কলারশিপ পেয়েছিলেন। বঙ্কিমচন্দ্রের ইংরেজি সাহিত্যের শিক্ষক ছিলেন ঈশানচন্দ্র বন্দ্যোপ্যাধ্যায়। সংস্কৃতের গুরু ছিলেন কাঁটাল পাড়া গ্রামের শ্রীরাম ন্যায় বাগিশ। হুগলি কলেজে পড়াকালীন সময়ে তিনি অর্জুনা দিঘীর পারে একটি ফুল ও ফলের বাগান করা শুরু করেন। নাম দিয়েছিলেন ফুলবাগান। পরবর্তীতে তিনি সেখানে একটি ইটের তৈরি বাড়িও বানিয়েছিলেন।

তৎকালীন সময়ে গোরার দল কুচকাওয়াজ করতে কুচকাওয়াজ করতে করতে কলিকাতা যেত। তারা যে গ্রাম দিয়ে যেত সে গ্রামেই অত্যাচার চালাত। এরকম একদিন বঙ্কিম স্কুলে গেলে গুরু মশাই তার হাতে বেত তুলে দেন। বেত হাতে ক্লাস রুমে ঢুকে যখন সে ছাত্রদের পাঠ নিচ্ছিল তখন হঠাৎ গোরার দল গ্রামে ঢুকে পরে। সাথে সাথে যে যেখান দিয়ে পালাতে শুরু করে। এমন কি পাঠশালার গুরুমশাইও পালিয়ে যায়। কিন্তু বঙ্কিম বেত হাতে ঠাই দাঁড়িয়ে থাকে। সাথে থাকে শুধু তাঁর দুই ভাই। গোরার দল এক সময়ে তাঁদের সামনে আসে। একজন গোরা তাঁর হাত থেকে বেত কেড়ে নিয়ে বঙ্কিমের সাথে কথা বলা শুরু করে। তারা প্রায় আধ ঘন্টা তারা বঙ্কিমের সাথে কথা বলে ফিরে যায় কোলকাতার পথে। বঙ্কিমচন্দ্র পরবর্তীতে চন্দ্রশেখর উপন্যাসে বিষয়টি এভাবে উল্লেখ করেছেন " বাঙালি ছেলে মাত্রই জুজুর নামে ভয় পায়, এমন একটি নষ্ট বালক আছে যে জুজু দেখতে চায়"।

তখনকার দিনে ডাকাতরা ডাকাতি করার আগে অগ্রিম চিঠি দিয়ে ডাকাতি করতে আসতো। এরকম একবার চিঠি এলো তাঁদের বাড়িতে। বাড়ির বড়রা সিদ্ধান্ত নিলো নারী এবং যুবকেরা কয়েক রাত নিরাপদে সরে থাকবে। কিন্তু বেকে বসলো বঙ্কিম। সে বললো "আমাদের বাড়িতে তো অনেক লোক আছে। তা ছাড়া বাগদীরাতো এক একজন লাঠিয়াল। ওরা বোম্মেটেগীরি করে ঘুরে বেড়ায়। ওদের নিয়োগ করো। "তার দুই বড় ভাই বঙ্কিমের সাথে একমত হওয়া সেটাই সিদ্ধান্ত হলো। ডাকাত আর এলোনা। এই দুই ঘটনার পর গুরুজনেরা বঙ্কিমকে ডাকা শুরু করে "বাঁকা" নামে।

১৮৪৯ সালে এগার বছর বয়সে বঙ্কিমচন্দ্র প্রথম বিয়ে করেন পাশের গ্রামে মোহিনী দেবীকে। তখন মোহিনী দেবীর বয়স পাঁচ বছর। এই বয়সে বঙ্কিম কবিতা লিখা শুরু করেন। ১৮৫২ সালের ২৫শে ফেব্রুয়ারি সম্বাদ প্রভাকরে তাঁর প্রথম কবিতা "পদ্য" ছাপা হয়। ১৮৫৩ সাল হতে তিনি সংস্কৃত শিক্ষা শুরু করেন এবং দশ বছরের পাঠ শেষ করেন চার বছর বয়সে।

১৪ বছর বয়সে বঙ্কিম প্রথম প্রবন্ধ লিখেন এবং সেটাও প্রকাশিত হয় "সম্বাদ প্রভাকর" পত্রিকায়। প্রবন্ধের প্রথম লাইনটি হচ্ছে " গগন মন্ডলে বিরাজিত কাদম্বিনী উপরে কম্পায়মানা শম্পসঙ্কাশ ক্ষণিক জীবনের অতিশয় প্রিয় হওত মুঢ় মানব মণ্ডলী অহঃরহঃ বিষয় বিষার্ণবে নিমজ্জিত রহিয়াছে"। এই প্রবন্ধে তিনি লিখেছেন,"যে পদ কখনও বিপদগ্রস্ত হয় নাই, যে পদ কখনও সম্পদ সংরক্ষণে ধূলিসহ সাক্ষাৎ করে নাই, সে পদ স্বপদ পরিত্যাগ পুরঃসর ধূলি হইয়া যাইবেক।" এই প্রবন্ধ ছাপা হবার পর ঈশ্বর গুপ্ত প্রবন্ধের নিচে মন্তব্য করেছিলেন "ইহার লিপি নৈপুন্যের জন্যে অত্যন্ত সন্তুষ্ট হইলাম কিন্তু যেন অভিধানের উপর অধিক নির্ভর না করেন এবং অক্ষর গুলিন স্পষ্ট করিয়া লিখিবেন।

১৫ বছর বয়সে শিশির বর্ণনা ছলে স্ত্রী স্বামীর কথোপকথনে লিখিত "লঘু ললিত" নামে কবিতা প্রথম প্রকাশিত হয় ঈশ্বর গুপ্ত সম্পাদিত" সম্বাদ প্রভাকর" পত্রিকায়। কবিতাটির প্রথম কয়েকটি ছত্র এখানে উল্লেখ করা হলো।

"স্ত্রী- হইয়াছে জল বরই শীতল
ছুইলে বিকল হইতে হয়
আগে যে জীবন জুড়াত জীবন
সে বন এখন নাহিক সময়।
পতি- মোরে নিবস্তর তব নেত্র কর
পাবক প্রখর, দাহন করে
মম দেহ পর, বহি খরতর
তাই উষ্ণভাব এ দেহ ধরে"

বাল্যকালে লেখা তার একটি কবিতাংশ পাওয়া যায়

"মনে করি কাঁদিব না রব অন্ধকারে
আপনি নয়নত বুঝরে ধারে ধারে
গোপনে কাঁদিব প্রাণ সকলই আঁধার
জীবন একই স্রোতে চলিবে আমার"

শোনা যায় একদিন বঙ্কিম বাড়ি ফিরে দেখেন তাঁর স্ত্রী কবিতার পান্ডুলীপির পাতা ছিঁড়ে পুতুলের শয্যা বানিয়েছে। সে বউয়ের সংগে জেদ করে ঘরের দরজা বন্ধ করে পুনরায় নতুন কাগজে কবিতা লিখে ফেলেছিলেন। হুগলি কলেজে পড়াকালীন সময়ে ১৮৫৬ সালে প্রকাশিত হয় বঙ্কিমচন্দ্রের কাব্যগ্রন্থ "ললিত তথা মানস"। তখন তাঁর বয়স আঠারো বছর । এটিই বঙ্কিমচন্দ্রের প্রথম প্রকাশিত গ্রন্থ। কবিতাগুলো পড়ে হুগলি কলেজের এক অধ্যাপক মন্তব্য করেছিলেন, "এগুলো কবিতা নয়, হেঁয়ালী"। বইগুলো বিক্রি হয় নাই কাঁটাল পাড়ার আলমারীতেই পড়ে ছিল। কিছু বই বঙ্কিমচন্দ্র নিজেও নষ্ট করে ফেলেছিলেন। এরপর থেকে চাকরিতে যোগদান পর্যন্ত বঙ্কিমচন্দ্রের লেখালেখির কোন নমুনা পাওয়া যায় না। চাকরিতে যোগদানের পর তিনি পুনরায় লেখালেখি শুরু করেন এবং রচনা করেন তাঁর প্রথম উপন্যাস "রাজমোহনস্ ওয়াইফ"। মুল উপন্যাসটি রচনা করেছিলেন ইংরেজি ভাষায়।

১৮৫৭ সালে বঙ্কিমচন্দ্র হুগলি কলেজ থেকে সিনিয়র স্কলারশিপ পান এবং সেই টাকা দিয়ে কোলকাতায় প্রেসিডেন্সি কলেজে আইন বিষয়ে ভর্তি হন। ১৮৫৮ সালে বিএ পরীক্ষা চালু হয়। এপ্রিল মাসে ছিল পরীক্ষার দিন। ঘোষণার পর মাত্র দুই মাস সময় ছিল। মাত্র তেরজন ছাত্র সে পরীক্ষায় অংশগ্রহণ করে। মাত্র দুজন ছাত্র দ্বিতীয় বিভাগ পাশ করে। প্রথম হয়েছিলো বঙ্কিমচন্দ্র এবং দ্বিতীয় হয়েছিলো যদুনাথ বসু। ইংরেজি এবং ইতিহাসের পরীক্ষক ছিলেন গ্রাপেল এবং সংস্কৃতের পরীক্ষক ছিলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। তাঁরা দুজন পাঁচ বিষয়ে পাশ মার্ক পেয়েছিল, ষষ্ঠ বিষয়ে পাশ করতে সাত মার্কের চেয়ে কম প্রয়োজন ছিল। গ্রেস আইনে তাদের পাশ করানো হয়।

পাশ করার পর ছোট লাট হ্যালিডে বঙ্কিমকে ডেকে পাঠান এবং ডেপুটি ম্যাজিস্ট্রেট পদে চাকরির প্রস্তাব দেন। ১৮৫৮ সালের ২৩ শে আগস্ট যশোহরের ডেপু টি ম্যাজিস্ট্রেট পদে যোগদান করেন। এখানেই শেষ হয় বঙ্কিমের ছাত্র জীবন।

Artwork: Ved Shikari, Age - 12

বিচ্ছেদ

শর্মিষ্ঠা সাহা

সন্তান দশ মাস ধরে নিজেকে গড়ে মাতৃগর্ভে। মায়ের শরীর থেকে প্রয়োজনীয় সবকিছু নিয়েই একটি কোষ ধীরে ধীরে মানুষের আকৃতি লাভ করে। সেই ছোট্ট শরীর আরো কিছুদিন ধরে মায়ের দেহের পুষ্টি নিয়ে নিজেকে বাইরের পৃথিবীর উপযুক্ত করতে থাকে। হবু বাবা-মা অধীর আগ্রহে অপেক্ষা করে সন্তানের পৃথিবীর আলো দেখার দিনটির জন্য। কত স্বপ্নের জাল বোনা চলে একটি অনাগত জীবনকে ঘিরে। এরপর আসে সেই মহেন্দ্রক্ষণ, মায়ের শরীর থেকে বিচ্ছিন্ন হবার লগ্ন। মায়ের নাড়ী কেটে নিজেকে স্বতন্ত্র মানুষ হিসেবে ঘোষণা দেবার শুভক্ষণ - ভুমিষ্ঠ হবার দিন। মায়ের দিক থেকে সন্তান নিজের শরীর থেকে বিচ্ছিন্ন হবার যন্ত্রণা খুব তীব্র, এজন্যই এ ব্যথার বিশেষ নাম "প্রসব বেদনা"। এই প্রথম আলাদা হওয়া মা ও সন্তানের, তবে এ এক অন্যরকম বিচ্ছেদ। সন্তানকে বুকে চেপে ধরে সে বেদনা ভুলে মায়ের হৃদয় ভরে ওঠে অপার আনন্দে। এ আনন্দও অপরিসীম - সৃষ্টির আনন্দ, নিজের রক্ত মাংস থেকে নতুন জীবন তৈরি করতে পারার অসাধারণ অনুভব। সরাসরি নিজের শরীরের অভ্যন্তরে ধারণ না করলেও বাবার আনন্দও এক্ষেত্রে কম নয় । ভবিষ্যত প্রজন্মের মাঝে নিজের অস্তিত্বের ধারাবাহিকতার সূত্র সন্তান।

সন্তান জন্মের মধ্য দিয়ে বাবা-মায়েরও নতুন করে জন্ম হয় । শুরু হয় নতুন পরিচয়ে নতুন করে বেড়ে ওঠা । সদ্যজাত শিশুটি যেমন একটু একটু করে বড় হয় তার বাবা-মাও তেমন একটু একটু করে সন্তান পালনের শিক্ষা নিয়ে নিজেদের গড়ে তোলে। শিশুর কান্না দেখে বুঝে নিতে হয় কখন তার ক্ষিধে পেয়েছে, কখন পেটে ব্যথা করছে।একটু একটু করে ছোট্ট শিশুটিকে বড় করে তোলা - বুকের দুধ খাইয়ে, না ঘুমিয়ে, ন্যাপি পরিষ্কার করে দিন যায়। নিজের আরাম বিশ্রামের কথা মা ভুলেই যায়, বাবাও সাহায্যের হাত বাড়ায় সহজাত বাৎসল্যের কারণে। শিশুর জীবনের এই অসহায় অধ্যায় মা ও শিশুর অবিচ্ছেদ্য বন্ধনকে আরও শক্তিশালী ও প্রগাঢ় করে তোলে। শিশুর শারীরিক নৈকট্য ও নির্ভরশীলতা মায়ের ভালবাসাকে আরও গভীর করে। আর শিশুর কাছে তখন মা'ময় জগত, নিজের আলাদা অস্তিত্বের অনুভূতি তৈরি হতে বেশকিছুটা সময় পেরিয়ে যায়।

সন্তানের বেড়ে ওঠার প্রতিটি ধাপ বাবা-মায়ের জীবনে অনাবিল আনন্দের পাশাপাশি নতুন নতুন অভিজ্ঞতা হয়ে আসে। প্রথম উপুর হওয়া, বসতে পারা, হামাগুরি দেওয়া, দাঁত ওঠা, দাঁড়ানো, হাটা, কথা বলা – কোনটার চেয়ে কোনটা কম রোমাঞ্চকর নয়। শিশু জীবনে প্রথমবারের মত যখন কোন কিছু করতে পারে সেটা তার জন্য এক একটি মাইলফলক। যদিও বাবা-মা তাদের নিজেদের জীবনেও এসব মাইলফলক পার করেছে কিন্তু সে স্মৃতি তাদের থাকেনা। তাই সন্তানের যেকোন নতুন শিক্ষা তাদের আবেগকে আন্দোলিত করে, চোখ আনন্দাশ্রুতে ভিজে ওঠে। আশেপাশে তাদের নিজের বাবা-মা গোত্রীয় কেউ থাকলে তারা নাত- নাতনিকে দেখিয়ে বলেন, "একদম তোর মত করছ ","তুইও এই বয়সেই হাটতে শিখেছিলি" – এমন আরো কত মধুর বিশ্রম্ভালাপ। সবকিছু মিলিয়ে আবেগে মোড়া স্বর্গীয় আনন্দঘন আবহ।

তবে এই স্বর্গীয় রোমঞ্চে কিছু কষ্টের বিষয় যে একেবারেই থাকে না তা কিন্তু নয়। বাবা-মায়ের জীবনের স্বাধীনতায় এক ঝটকায় যবনিকাপাত ঘটে। স্বাধীনভাবে বেশিক্ষণের জন্য কোথাও যাবার উপায় নেই, সব জায়গায় যাওয়াও যায় না। বিশেষ করে মায়ের পরাধীনতা প্রকট। ঘরে ঠাকুমা, দিদিমা থাকলে তবু কিছু ছাড় মেলে, নইলে একেবারে হাত-পা বাঁধা।এভাবে নিরবিচ্ছিন্ন নিয়মানুবর্তিতায় সন্তান পালন করতে গিয়ে অনেক মাকে বিষন্নতায়ও ভুগতে দেখা যায়। এসময় পরিবারের অন্য সদস্যদের বিশেষত বাবার সহযোগিতা খুবই প্রয়োজন। মায়ের তখন একটাই চিন্তা, কবে বাচ্চা বড় হবে আর নিজের জন্য সময় খুঁজে পাবে।

সময়ের সাথে মায়ের সে চাওয়া পূর্ণ করে শিশু বড় হয়, কৈশোরে পা রাখে। অন্যের উপর নির্ভরশীলতা কমে অনেক কাজ নিজে করতে শিখে। নিজের সতন্ত্র ব্যক্তিত্ব, ভাবনা তৈরী হতে শুরু করে। সেই সাথে বাড়তে থাকে বাবা - মায়ের সঙ্গে দূরত্ব। সন্তান চায় নিজের মত থাকতে,

বন্ধুদের সাথে সময় কাটাতে। সব মানুষের বয়োঃসন্ধিকালের পরিবর্তন যদিও একরকম হয়না, তবে পরিবর্তন অনিবার্য। এদিকে বাবা-মায়ের দিকে শুরু হয় বিচ্ছেদের বেদনা। বেশিরভাগ বাবা ঘরের বাইরের কাজে ব্যস্ত থাকায় সন্তানের এই দূরে সড়ে যাওয়া হয়ত সহজেই মেনে নিতে পারেন। কিন্তু মায়েদের জন্য নাড়ী ছেঁড়া ধনের সঙ্গে দূরত্ব মেনে নেওয়া সহজ হয় না। এসময় যেন মা প্রথমবারের মত মরমে অনুভব করে নাড়ী ছেড়া ধনের বিচ্ছেদ বেদনা। এ বেদনায় সন্তানের স্বাবলম্বী হবার আনন্দ মিশ্রিত থাকলেও হারাবার কষ্টও কম নয়। দীর্ঘদিন ধরে সন্তানের দেখভাল করতে করতে সেটাই অভ্যাসে পরিণত হয়। বাচ্চা আর আগের মত কাছে আসে না, খেলনা কেনার জন্য বায়না ধরে না - ছোট ছোট ব্যাপারগুলো মনের ভেতর তোলপাড় করে। এসময় বেশিরভাগ মা এক ধরণের এমোশনাল টার্বুলেন্সের মধ্য দিয়ে যান।

এরপর সেই ছোট্ট শিশুটি পরিপূর্ণ মানুষ হিসাবে জীবনে প্রতিষ্ঠিত হয়। এক সময় নিজের জীবনসঙ্গী খুঁজে নেয়ার সময় হয়। কোন সন্তান নিজের থেকে না চাইলে বাবা-মা অস্থির হয়ে ওঠে তার বিয়ে দেবার জন্য। এমনটাই প্রকৃতির নিয়ম। কিন্তু সত্যি সত্যি যেদিন সেই সন্তান বিয়ের পিড়ীতে বসে সেদিন বাবা-মায়ের হৃদয় আরও একবার আলোড়িত হয় বিচ্ছেদের সুরে। অনুভূতির তন্ত্রীতে নাড়া দিয়ে যায় সন্তানের জন্ম পরবর্তী স্মৃতির পাহাড়। ছোট ছোট ঘটনার স্মৃতি চোখে আনন্দাশ্রু নিয়ে আসে। সন্তানের কাছ থেকে এই অনুভূতি প্রাণপণে গোপন রাখতে চাইলেও মাঝে মাঝে তা প্রকাশ হয়ে যায়। চোখের জল গোপন করে মন থেকে সন্তানকে নতুন জীবনের জন্য শুভাশীষ জানাতে হয়। এই শুভ লগ্নে বাবা-মায়ের চোখের জল বড়ই অশুভ। মঙ্গল দীপ জ্বেলে শুভ লগ্নে শুভ পরিণয় সম্পন্ন হয়। বিয়ের পর সন্তান বাবা-মায়ের সাথে এক বাড়িতে থাকুক বা আলাদা বাড়িতে, উভয়েই নিজের সাতন্ত্র বজায় রেখে স্বাধীনভাবে পথ চলায় ধীরে ধীরে অভ্যস্ত হয়ে ওঠে। এর অন্যথা হলে অকারণ অনাহূত পরিস্থিতির সৃষ্টি হওয়া অস্বাভাবিক নয়। একটা বয়সের পর সন্তানের সঙ্গে নির্দিষ্ট দূরত্ব তৈরি হওয়াটাই চিরন্তন। এই মধুর বিচ্ছেদ মেনে নিয়ে মনকে শক্ত করাতেই শান্তি।

Artworks: Bankim Shikari

Strands of Fate: The Unseen Hand

Bankim Shikari

In the heart of India, nestled among the lush hills and fertile plains, lay a kingdom called Chandrapur. It was a vibrant place, illuminated by the warm smiles of its inhabitants and the benevolent reign of their beloved sovereign, King Vikramaditya Gond. Known affectionately as the "Gond King," he was esteemed for his undying kindness and compassion towards his people. His days were filled with grand visions of prosperity, but much to his dismay, fate played its cruel tricks, thwarting his every endeavor. King Vikramaditya's devotion to Lord Vishnu ran deep. Each morning, he would rise before dawn, offer aromatic flowers, lavish an array of sweets, and immerse himself in prolonged prayers, beseeching the deity for wisdom and success. But despite his unwavering faith and sincere intentions, success remained elusive. Each project he undertook — from constructing grand temples to improving agricultural systems — was met with failure.

"God, what wrong have I done?" he would often lament, frustration seeping through his regal composure. "I always pray to You, do good, and seek Your blessings. Yet, why does every venture I embark on meet with such dire misfortune? Why have You chosen to be unkind to me?" One fateful afternoon, the Gond King set out to oversee the initial stages of a grand building project that he hoped would symbolize the strength of his kingdom. But the earth beneath the structure shifted ominously; the sand swallowed the pillars like a voracious beast. When the king arrived to inspect the disaster, intent on understanding where he had gone wrong, an unfortunate accident awaited him. As he examined the lay of the land and the tools scattered about, his Pinky finger met the sharp edge of a stone and was severed. The king was aghast — grief-stricken and wracked with anger, he wept bitterly and cursed the very existence of divine justice. In a fit of rage, he summoned a council of his ministers for a discussion on the unfortunate turn of events. "Why must I suffer so?" he implored, gazing at them with searching eyes. "What dreadful failure have I committed that has led God to punish me so miserably?" One brave minister responded, "Your Majesty, sometimes, calamity serves a greater purpose. As the saying goes, 'All for the best; whatever happens, happens for good.'" A fierce argument erupted between the king and the minister.

When our homeland was divided into so many pieces, was it good?" King Vikramaditya demanded; voice filled with anguish. "Yes," the minister replied thoughtfully. "Although the British were cruel and caused immense suffering during their rule, they inadvertently helped dismantle some of our worst superstitions — such as child marriage and the practice of widow burning. Their presence brought awareness and a

chance for modernization, although we paid a heavy price for it."

The king's displeasure simmered over at this perspective, and in a moment of rash judgment, he condemned the minister to death. His spirit was restless, and cavorted in turmoil, prompting him to escape the throes of despair by retreating into the depths of the Tadoba jungle, where the illustrious Royal Bengal Tigers roamed freely. Amid the nocturnal chorus of the wild, King Vikramaditya embarked on a hunting expedition. Time slipped away, and soon he found himself deep within the sprawling wilderness, his hunting party nowhere in sight. Night enveloped him, shadows cloaked every tree, and the king's heart raced with dread. He shouted into the darkness, his voice a mere whisper against the symphony of nature. Just as despair threatened to seep into his soul completely, he felt a sharp pain in his neck. An arrow had struck him! The world around him faded to black, and when he regained consciousness, he found himself surrounded by an indigenous tribe. They bore expressions of solemn reverence and intent, preparing him for a fate he could hardly comprehend — a sacrifice to their gods. The king, realizing his dire situation, desperately grasped for words, but his pleas fell on deaf ears, his language lost to them. "I can offer gold! Money! Whatever you demand, just let me return home," he pleaded, but they remained unmoved, focused on their ritualistic customs. As the Indigenous warriors stood ready

to fulfill their ominous intent, one among them paused, noticing something on the king's hand — his missing Pinky finger. They held an urgent discussion among themselves and concluded that he was no longer a complete human and thus not worthy of sacrifice. Their ritual was abruptly halted, and in disbelief, they set the king free, allowing him to return to his kingdom. Returning to Chandrapur was a transformative journey for King Vikramaditya. As he crossed through the gates of his domain, the weight of the past few days settled heavily upon him. He had been spared from death not by sheer luck, but by the very misfortune he had mourned — the loss of his Pinky finger. In that moment of clarity, the Gond King understood the lesson that fate had sculpted through trials and tribulations: life was not merely about success or failure, but rather about perception and gratitude. His focus on the negativity had led him astray, and in his anger and frustration, he had lost sight of the beauty that surrounded him.

"Sometimes, with our little failures, we grow despondent," he reflected aloud. "But if we pause to take stock of what we possess, to express gratitude, we can begin to learn from our experiences rather than curse them." As he moved forward, King Vikramaditya became aware of the myriad blessings in his life: his loyal subjects, the

beauty of his kingdom, and the wisdom he gained from his trials. His heart filled with gratitude, he returned to his devotion, praying not just for personal success, but for the prosperity and happiness of his people.
Moral: In the grand tapestry of life, what we perceive as misfortunes may just be woven strands of fate, guiding us toward a greater understanding. As Thomas Edison once stated, “I have not failed, but found 1000 ways to not make a light bulb.” In every setback lies the seed of growth, urging us to rise, learn, and try again.

****

নাটক- আমরা সবাই রাজা
সংগীতা সাহা

দৃশ্য-১
গল্প-কথক: ক
বহু বছর আগের কথা। একবার বঙ্গ রাজা ভীষণ অসুস্থ হয়ে পড়লেন। রাজকার্যে তার একেবারেই মনযোগ নেই। খাবারে অরুচি, বিষণ্যতায় ধীরে ধীরে রাজার সাস্থ্যহানি ঘটতে লাগলো।
গল্প-কথক: খ
বাজার মনে সুখ নেই , রাজসভার সকলেই ভীষণ উদ্বিগ্ন। রাজবৈদ্য নিয়মিত পরীক্ষা নিরীক্ষা করছেন ঔষধ-পথ্যও দিচ্ছেন কিন্তু কিছুতেই বঙ্গরাজার অবস্থার উন্নতি হচ্ছে না।
গল্প-কথক: ক
তাই রাজসভার সকলে মিলে সিদ্ধান্ত নিলেন সমস্ত বঙ্গরাজ্যে
ঘোষণা দেওয়া হবে,
গল্প-কথক: খ
যে মহারাজকে সুস্থ করতে পারবে তাকে দেওয়া হবে নগদ স্বর্ণমুদ্রা পুরস্কার।

দুজন ঘোষক বলতে বলতে ঢুকবে ঢোল, কাঁসর বাজাতে বাজাতে বলতে বলতে এক পাশ থেকে ঢুকে অন্যপাশ দিয়ে বের হয়ে যাবে)

ঘোষক ১,২: ধন্য রাজা ধন্য
দেশ জোড়া তার সৈন্য
১: পথে ঘাটে ভেড়ার পাল
২: চাষীর গরু, মাঝির হাল
১: ঘটি বাটি গামছা হাঁড়ি
২: সাত মহল আছে বাড়ী
১: আছে হাতি আছে ঘোড়া ।
২: কেবল পোড়া মুখে পোরার
দুমুঠো নেই অন্য।

১ ও ২ : ধন্য রাজা ধন্য

২: ঢ্যাম কুঁড় কুঁড় বাজনা বাজে
১: পথে ঘাটে সান্ত্রী সাজে।
২: শোনো সবাই হুকুম নামা
১: ধরতে হবে রাজার ধামা
২: বাঁদিকে ভাই চলতে মানা
১: সাজতে হবে বোবা কানা।
২: মস্ত রাজা হেলে দুলে
১: যখন তখন চড়ান শূলে
২: মুখটি
খোলার জন্য
১ ও ২: ধন্য রাজা ধন্য
শোনো সবাই হুকুম নামা...
(বলতে বলতে অপর পাশদিয়ে বের হয়ে যাবে)
(মহামন্ত্রী ও খাজানজী হিসাবের খাতা হাতে মঞ্চের এ আর সেনাপতি, রাজবৈদ্য ঢুকতে ঢুকতে বলবে..)
মহামন্ত্রী: মোটা অংঙ্কের পুরুস্কারে কথা শুনে কত বৈদ্য কবিরাজই তো এলো...
খাজানজী: হুম.. কিন্তু কেউ তো মহারাজকে সুস্থ করতে পারলো না।
রাজবৈদ্য : আসলে রোগটা তো শারিরীক নয় মানসিক।আর বিপদটা এখানেই, বিষন্নতা যে প্রাণঘাতী রোগ।
সকলে: কি বলছেন রাজবৈদ্য!
সেনাপতি: এরোগ নিরাময়ের কি কোনো উপায় নেই?
রাজবৈদ্য : কোনো ওষুধ নেই জানি, শুধু এটুকু বলতে পারি মহারাজকে এখন মানসিকভাবে প্রফুল্ল রাখতে হবে।
খাজানজী: বলছিলাম কি মহারাজের মন প্রসন্ন রাখতে প্রাসাদে উৎসবের আয়োজন করলে হয় না!
রাজবৈদ্য : উত্তম প্রস্তাব
সেনাপতি: গত দুবছরের খরায় ফসল ভাল হয়নি, নবান্ন উৎসবও হয়নি। তা সেরকম কিছু যদি আয়োজন করা যায় মন্দ হয় না!

খাজানজী : হে হে , মহারাজের জন্য নৃত্যগীতের আয়োজন হবে , সাথে আমাদেরও হে হে...
মহামন্ত্রী: সেনাপতি, খাজানজী উৎসবের আয়োজন করুন।
সেনাপতি, খাজানজী : আগ্যে মহামন্ত্রী।

গল্প-কথক: ক
যেভাবেই হোক মহারাজকে সুস্থ করতে হবে, না হলে রাজ্য চালবে কি করে ? তাই শেষবারের মত চেষ্টা এই আশায় যে যদি মহারাজ সুস্থ হয়ে স্বাভাবিক জীবন যাপন শুরু করেন।
গল্প-কথক: খ
তাই , ভীষণ তোড়জোড় শুরু হল রাজপ্রাসাদে ; মাসব্যাপী উৎসব আয়োজন বলে কথা!
বঙ্গদেশের সমস্ত নামিদামী গুনী শিল্পীদের আমন্ত্রণ জানানো হয়েছে, সে এক বিরাট আয়োজন।

....দৃশ্যান্তর...
আলো নিভে যাবে এবং পরবর্তী দৃশ্যের জন্য মঞ্চ প্রস্তুত করা হবে
৫ টা চেয়ার পাতা হবে মঞ্চের মাঝখানে বসবেন রাজা সামনে পর্যাপ্ত জায়গা থাকে নৃত্য পরিবেশনের জন্য।

দৃশ্য ২
রাজ দরবারে মহারাজা, মহামন্ত্রী, রাজবৈদ্য,খাজানজী সেনাপতি সকলে বসে আছেন মোমের পুতুল মোমের দেশের মেয়ে গানটির সাথে নাচ পরিবেশিত হবে দৃশ্যের শুরুতে এবং নাচের পরপর রাজা বাদে অন্যরা বলবে)
মহামন্ত্রী: অসাধারণ
বাকিরা: সাধু, সাধু ....(২য় গান শুকনো পাতার নুপুর পায়ে এর সাথে নাচ পরিবেশ শেষে রাজা দাঁড়িয়ে চিৎকার করে বলে উঠবেন)
রাজা : যত সব মুর্খের দল বন্ধ কর এসব ।তোমরা কেন বুঝতে চাইছো না ইদানীং আমার কিছুই ভাল লাগে না ,আমার একটু শান্তি চাই কেবল একটু সুখ চাই.....
মহামন্ত্রী,রাজবৈদ্য : মহারাজ শান্ত হোন

খাজানজী: (একটু সরে গিয়ে) আর তো কোন উপায় রইল না সেনাপতি।(সেনাপতির কাঁধে হাত দিয়ে)
সন্যাসী: বোম ভোলে , বোম ভোলে (বলতে বলতে ঢুকে সম্মুখ পাশে দাঁড়িয়ে বলবে)
একটা উপায় আছে। হ্যাঁ একটাই উপায় আছে।
রাজবৈদ্য : কি সে উপায় সাধু বাবা।
সন্যাসী: একজন প্রকৃত সুখি মানুষের জামা এনে, রাজাকে পরাতে হবে, তবেই রাজা সুস্থ হবে ।বোম ভোলে বোম ভোলে ।বলতে বলতে বের হয়ে যাবে।

....দৃশ্যান্তর...
চেয়ারগুলো বের করে হবে
দৃশ্য ২
গল্প-কথক: ক
সকলের সব প্রচেষ্টাই যখন একে একে বিফলে যাচ্ছিল, সন্যাসীর কথা শুনে আবার যেন আশার সন্চার হল।
গল্প-কথক: খ
এবার তারা সকলে বের হলেন, একজন সুখি মানুষের জামার খোঁজে। সকলে মিলে সমস্ত বঙ্গরাজ্য ঘুরে ঘুরে খুঁজতে লাগলেন সুখি মানুষকে।

(তারা চারজন বাম দিক থেকে মঞ্চে ঢুকে একটু হাঁটতে হাঁটতে এদিক সেদিক দেখতে থাকবে)

খাজানজী : (ক্লান্ত স্বরে) এর থেকে সোনার হরিণ খোঁজাটাও মনে হয় অনেক সহজ ছিল
সেনাপতি : ঐ দেখুন- একজন সুদর্শন যুবক এদিকেই আসছে।
রাজবৈদ্য : চলুন তাকে জিজ্ঞেস করি।
মহামন্ত্রী : এই যে ভাই শুনছেন?
সুদর্শন যুবক: হ্যাঁ বলুন।
মহামন্ত্রী: আচ্ছা আপনি তো দেখতে বেশ সুদর্শন আর সম্পদশালী মনে হচ্ছে, নিশ্চয়ই আপনি অনেক সুখি মানুষ, তাই না?
সুদর্শন যুবক : দেখতে সুন্দর আর ধন সম্পদ থাকলেই কি মানুষ সুখি হয় ? হয় না! জানেন আমার মনে অনেক দু:খ, আর অর্থ বিত্তের এই নেশা আমাকে আরো দু:খি করেছে।আমিও সুখ খুঁজি... (বলতে বলতে বের হয়ে যাবে)

খাজানজী : আর তো পারছি না মন্ত্রীমশাই। (কোমড়ে হাত দিয়ে ধপাস করে বসে পরবে)
মহামন্ত্রী: খেয়ে খেয়ে শরীরটা যা বানিয়েছেন !
রাজবৈদ্য: কত বলেছি একটু কম খান।
সেনাপতি : উঠুন উঠুন, চলুন, আরো দুটো গ্রাম বাকি আছে।

(কৃষাণী কাঁদতে কাঁদতে ঢুকবে ডালা কূলা হাতে ঢুকে একপাশে বসবে)
মহামন্ত্রী: হি হয়েছে তুমি কাঁদছো কেন?
কৃষাণী: কাঁইদবো না! গেলো দুইবারের খরায় যে ক্ষ্যাতের বেবাক ফসল পুইড়া গ্যাছে , নিজি একবেলা খায়ে পোলাপাইনগুলারে দুবেলা খাইতেদিতাম; এবার তো সে আশাও নাই । আবার আছে রাজার পেয়াদার ভয় , খাজনা দিতে না পারলি কয়েদ করবো।গেরামের মানুষেরা পালাই যাইত্যাছে, এবার আমারো পালাইতে হবি। (ডালি কুলা কোমড়ে নিয়ে দাঁড়িয়ে জিজ্ঞেস করবে) আইচ্ছা আপনারা রাজার লোক নাকি? (বলে ভয় পেয়ে পালানোর মত করে দ্রুত হাঁটবে)
মহামন্ত্রী: এই যে কৃষাণী যেও না শোনো।
খাজানজী : তাই তো বলি প্রজারা খাজনা ঠিক মত দেয় না কেন?
(কাঠুরিয়া কাঁধে লাকরী নিয়ে গান গাইতে গাইতে ঢুকবে-কোথাও আমার হারিয়ে যাবার নেই মানা মনে মনে গানের সুরে মেলে দিলাম এই ডানা মনে মনে….)
মহামন্ত্রী : এই দু:খের সময় কে এত প্রাণ খুলে গান গায়?
সেনাপতি : কাঠুরিয়া মন্ত্রীমশাই।
মহামন্ত্রী : এই যে কাঠুরিয়া তোমার মনে এত আনন্দ কেন?
কাঠুরিয়া : আমি সব সময়ই হাসি খুশি থাকি, জেবন তো একটাই দু:খ করি কি হবি!
রাজবৈদ্য : ভাল বলেছো তো কাঠুরিয়া ।
সেনাপতি : তুমি থাকো কোথায় ?
কাঠুরিয়া: ঐ যে নদীর ধাঁরে কুঁড়েঘর, সেখানেই আমি থাকি।
মহামন্ত্রী: তোমার কোন ধন সম্পদ নাই তাও তুমি সুখি!
কাঠুরিয়া : এ নিয়ে আমার মনে কোন দু:খ নাই । এই হগল কিছুই ক্ষণস্থয়ী, মায়া…আইজ আছে তো কাইল নাই তা বলি কি জেবল থামি থাকি নাকি? আমি দিন আনি দিন খাই পরিবার পরিজন নিয়া একসাথে থাকি এই আমার শান্তি।

সেনাপতি : তবে তুমি সুখি মানুষ তাই না?
কাঠুরিয়া : হ্যাঁ বলতি পারেন ।
খাজানজী : এই নাও মোহর আর তোমার গায়ের জামাটা আমাদের দাও ।
কাঠুরিয়া : আমার তো জামা নাই। একটিমাত্র ছিল , একজন বৃদ্ধ শীতে কষ্ট পাচ্ছে দেখে দিয়ে দিছি।
রাজবৈদ্য : তোমার একটাই জামা তাও দিয়ে দিয়েছো?
খাজানজী : সেনাপতি ওঁকে যেতে দেবেন না ; ওর জামা নেই তো কি হয়েছে, ওকেই রাজার কাছে নিয়ে যাবো।বলে ঝাপটি দিয়ে কাঠুরিয়াকে ধরে বের হয়ে যাবে।

গল্প-কথক: ক
যাক অবশেষে একজন প্রকৃত সুখি মানুষকে পাওয়া গেলো । পথে যেতে যেতে কাঠুরিয়াকে সব জানানো হলো।
গল্প-কথক: খ
কিন্তু জামা তো পাওয়া গেলো না। তাহলে কি রাজা সুস্থ হবেন না!
গল্প-কথক: ক ও খ একসাথে
চলুন দেখি কি হচ্ছে রাজপ্রাসাদে?
(আলো নিভে যাবে)

… দৃশ্যান্তর…

(মাঝখানে রাজার জন্য চেয়া বসানো হবে।
আলো জ্বলে উঠবে-
রাজসভায় রাজা বসে আছেন; পাশে মন্ত্রী, বৈদ্য, সেনাপতি, খাজানজী আর সাথে সুখি মানুষ।)

মহারাজ: কাঠুরিয়া তোমার কথায় আর ব্যবহারে আমি মুগ্ধ ,আমার মাঝে কেমন যেন পরিবর্তন অনুভব করছি। এ এক অন্যরকম অনুভুতি যা আগে কখনো অনুভব করিনি,
আমি যেন এখনই সুস্থ অনুভব করছি ।

কাঠুরিয়া : মহারাজ পৃথিবীতে আমরা কতদিন আর বাঁচি ! ধন সম্পদ আমাদের কেবল স্বাচ্ছন্দ দেয়, সুখ- শান্তি দেয় না । সকলে সুখে দু:খে মিলেমিশে থাকাকেই সুখে থাকা বলে।

মহারাজ: তুমি আমার চোখ খুলে দিয়েছো কাঠুরিয়া।মহামন্ত্রী, যেসকল প্রজা রাজ্য ত্যাগ করেছে তাদের ফিরিয়ে আনার ব্যবস্হা করুন। সেনাপতি, খাল খনন করে চাষের সুব্যস্থা করুন। আমার রাজ্যে যেন কেউ অনাহারে থাকে।

খাজানজী , রাজকোষ থেকে ধনরত্ন প্রজাদের মাঝে বিতরন করুন। আর যেন কাউকে আমার রাজ্য ছাড়তে না হয়।

এই যে রাজবৈদ্য আপনি আনন্দ উৎসবের আয়োজন করুন।

সকলে : আগ্যে মহারাজ।

মহারাজ: আমার রাজ্যে কেউ অনাহারে থাকবে না, কেউকে খাজনা দিতে না পারার অভিযোগে গৃহত্যাগ হতে হবে না; সবাই রাজার মত চলবে,একে অপরে মিলেমিশে মহাসুখে থাকবে । আজ থেকে তোমরা সকলেই রাজা।

রাজা চেয়ারে বসবে আর গায়কদল ঢুকে গান গাইবে আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজ্যত্বে, সকল নৃত্যশিল্পীরা রাজাকে ঘিরে নাচ করবে শেষ পর্যায়ে রাজাও সকলের সাথে নাচে অংশগ্রহন করবে।

বি.দ্র.- নাটকটি বিখ্যাত নাট্যকার মমতাজ উদ্দীন আহমদ রচিত সুখি মানুষ গল্পের ছায়া অবল্মনে রচিত হয়েছে।

****

The Amazing AI

Nimisha Debnath, Age - 11

Artificial Intelligence (AI) has been part of our lives for decades, often in ways we don't even notice. From movie recommendations on Netflix to face recognition on iPhones, AI is deeply integrated into our daily routines. But what else can AI do?

What AI Can Do

AI has the remarkable ability to mimic human cognitive functions without making typical errors. It operates continuously, unlike the human brain, and excels in machine learning, natural language processing, and image generation. AI is also making significant contributions in fields like healthcare, finance, transportation and what not.

The Dangers of AI

Despite its many benefits, AI also poses several risks. Key concerns include AI terrorism, deepfakes, and privacy issues. Privacy is perhaps the most alarming. For example, iPhones use face recognition to unlock devices, which might seem convenient but also presents a risk. If someone else gains access to your phone, they could potentially use your face to access sensitive information, like your bank account.

Have you ever noticed ads for things you've discussed appearing on your devices? This can be unsettling because it suggests your device might be listening in on your conversations. Similarly, if someone steals a device with voice recognition capabilities, they could misuse your voice to impersonate you and access your personal information.

The Future of AI

Currently, AI is making strides in predicting natural disasters and assisting in cancer research. Looking ahead, AI is likely to become even more transformative, potentially enabling faster and more accurate diagnoses and innovative treatments.

These advancements highlight some of the incredible possibilities AI holds. It's crucial that as we move forward, we ensure AI is used ethically and responsibly, avoiding threats and instead harnessing its potential for the benefit of humanity.

****

Artworks: Ved Shikari, Age - 12

When the Waves Hit

Ruwan Barua (Dibbo), Age - 11

A long while ago there lived a young upstart sailor named James, just starting to make his way in the world. With no family or friends, he lived a lonely existence. Dreaming of the sea was James' only escape. Well, that and his reading. He loved to read anything he could get his hands on – dramas, novels, even comics! But his favorite thing to read was ancient diaries he found in the local library of old sailor's adventures in the majestic Red Sea. He would sit up at night by candlelight and devour them for hours, the stories fueling his love for the sea even more.

On a wet and stormy night James was walking by the docks, watching all the big boats prepare for their voyages. "Hey!' yelled a voice behind him. "You looking for a job young man? We need another deckhand to come out right now, we are down a shipmate. You look strong." Before he could get any words out to reply, James' legs began sprinting so fast, taking him towards the ship in excitement. "I take that as a yes," the man mumbled under his breath.

As the ship set sail, the rest of the crew welcomed James and showed him around the deck. His job was to scrub the decks, tie the ropes, and do anything else the captain asked. It would be tedious work, but James couldn't believe his luck! After his short tour of the deck, he was shown to his sleeping quarters below. "You rest up now, I'll take the first watch," said Patrick, his deckmate. "We can swap shifts in a few hours. You better be ready." For the first time in a long while, James felt content and blissful, and sleep came easily – he felt at home.

BANG! CRASH! James awoke with a thud. He has been thrown to the floor. "HELP, PLEASE HELP!" He heard being screamed from above. James tried to run but immediately fell. He was being thrown from side to side and could barely stand up straight. The yelling and screaming got louder as he finally got the balance to make his way up the stairs. 'IT'S TOO LATE, WE ARE GOING DOWN!" When James appeared from below deck, he saw everyone scattered, scrambling to save themselves. "Save yourself young man!" yelled Patrick when he saw James. "We've hit a rock and been taken by the sea." "What do you mean?' James replied. "Someone tell me what's going on!" he pleaded. But to the rest of the crew, he was invisible. It was every man for themselves. As he looked up, he saw giant waves crashing all around them. It was like a whirlpool of red water, swishing them around like they were nothing. A dark shadow lurked high behind him, a wall of red water stood high and with one last big breath, the wave took James down, down, down.

James felt peaceful and warm. As he opened his eyes, he saw blue skies and felt the sun beaming down on him, warming his bones. He sat up with a jolt, immediately remembering the events of the night before. How did he get here? Where was everyone else? What happened to the ship? He looked around – sand, palm trees, and no one else in sight. "Hello? Anyone there?" No reply. He stood up and to his surprise, he was completely uninjured, apart from a couple of scrapes and bruises. He began to search the shore for signs of any of his crewmates, hoping with all his might that he was not alone there. He walked for hours searching, screaming, and pleading for any sign of life. Just when he was about to give up hope, James spotted something sticking out of the sand. It looked like a book. As he got to his knees and dug it out of the sand, he read the title, Diary of Laura – My Adventure in the Red Sea.

James sat in the sand and began reading the diary. It seemed to be the words of a young girl, aged 12, named Laura. She wrote about how she had washed up on an island after being crushed by waves on her family's ship. James was intrigued that he appeared to be in the same situation as Laura.

